

## ■ সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬৬১১

(كتاب الذكر والدعاء والتوبة والاستغفار) ৫০/ যিকর, দু'আ, তাওবা ও ইসতিগফার

পরিচ্ছেদঃ ১১. কুরআন তিলওয়াত ও যিকিরের জন্য সমাবেশের ফয়লত

بَابُ فَضْلِ الْجَمِيعِ عَلَى تِلَوَةِ الْقُرْآنِ وَعَلَى الذِّكْرِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا مَرْحُومُ بْنُ عَبْدِ الْعَزِيزِ، عَنْ أَبِي نَعَامَةَ السَّعْدِيِّ، عَنْ أَبِي عُثْمَانَ، عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ، قَالَ خَرَجَ مُعَاوِيَةُ عَلَى حَلْقَةٍ فِي الْمَسْجِدِ فَقَالَ مَا أَجْلَسْكُمْ قَالُوا جَلَسْنَا نَذْكُرُ اللَّهَ . قَالَ اللَّهُ مَا أَجْلَسْكُمْ إِلَّا ذَاكَ قَالُوا وَاللَّهِ مَا أَجْلَسْنَا إِلَّا ذَاكَ . قَالَ أَمَا إِنِّي لَمْ أَسْتَحْلِفْكُمْ تُهْمَةً لَكُمْ وَمَا كَانَ أَحَدٌ بِمَنْزِلَتِي مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَقْلَى عَنْهُ حَدِيثًا مِنِّي وَإِنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَرَجَ عَلَى حَلْقَةٍ مِنْ أَصْحَابِهِ فَقَالَ "مَا أَجْلَسْكُمْ" . قَالُوا جَلَسْنَا نَذْكُرُ اللَّهَ وَنَحْمَدُهُ عَلَى مَا هَدَانَا لِلإِسْلَامِ وَمَنْ بِهِ عَلَيْنَا . قَالَ "اللَّهُ مَا أَجْلَسْكُمْ إِلَّا ذَاكَ" . قَالُوا وَاللَّهِ مَا أَجْلَسْنَا إِلَّا ذَاكَ . قَالَ "أَمَا إِنِّي لَمْ أَسْتَحْلِفْكُمْ تُهْمَةً لَكُمْ وَلَكِنَّهُ أَتَانِي جِبْرِيلُ فَأَخْبَرَنِي أَنَّ اللَّهَ عَزَّ وَجَلَّ يُبَاهِي بِكُمُ الْمَلَائِكَةَ" .

বাংলা

৬৬১১। আবু বকর ইবনু আবু শায়বা (রহঃ) ... আবু সাঈদ খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, মুআবিয়া (রাঃ) মসজিদে একটি 'হালকায়' আসলেন। তখন তিনি জিজ্ঞাসা করলেন, কিসে তোমাদের এখানে বসিয়েছে (তোমরা এখানে বসেছ কেন)? তারা বলল, আমরা আল্লাহর যিকর করতে বসেছি। তিনি বললেন, আল্লাহর কসম! এ ছাড়া আর কিছু তোমাদের বসায়নি? (তোমরা কি শুধু এই জন্যই বসেছ?) তারা বলল, আল্লাহর কসম! এ ছাড়া অন্য কিছু আমাদের বসায়নি। তিনি বললেন, আমি তোমাদের প্রতি (মিথ্যার) সন্দেহ পোষণ (করে তা নিরসনের সে উদ্দেশ্যে) কসম করতে বলিনি। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দৃষ্টিতে আমার যে মর্যাদা ছিল সে অনুযায়ী আমার চেয়ে কম হাদীস বর্ণনাকারী কেউ নেই।

একবার রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার সাহাবীদের একটি "হলকায়" যোগ দিয়ে বললেন, কিসে তোমাদের বসিয়েছে? তারা বলল, আমরা বসেছি আল্লাহর যিকর ও তার প্রশংসা করার জন্য। যেহেতু তিনি

আমাদের ইসলামের দিকে পরিচালিত করেছেন এবং আমাদের উপর তিনি তার অনুগ্রহ করেছেন। তিনি বললেনঃ আল্লাহর কসম! তোমাদের কি কেবল এটই বসিয়েছে? তারা বলল, আল্লাহর কসম! শুধুমাত্র ঐ উদ্দেশ্যেই আমাদের বসিয়েছে। তিনি বললেনঃ আমি তোমাদের প্রতি মিথ্যার সন্দেহ পোষণ (করে তা দূর করার উদ্দেশ্যে) তোমাদের কসম করতে বলিনি; বরং আমার কাছে জিবরীল (আলাইহিস সালাম) এসেছেন। তিনি আমাকে জানিয়েছেন যে, আল্লাহ তাঁ'আলা ফিরিশতাগণের কাছে তোমাদের নিয়ে গর্ব প্রকাশ করছেন।

## English

Abu Sa'id Khudri reported that Mu'awiya went to a circle in the mosque and said:

What makes you sit here? They said: We are sitting here in order to remember Allah. He said: I adjure you by Allah (to tell me whether you are sitting here for this very purpose)? They said: By Allah, we are sitting here for this very purpose. Thereupon, he said: I have not demanded you to take an oath, because of any allegation against you and none of my rank in the eye of Allah's Messenger (ﷺ) is the narrator of so few ahadith as I am. The fact is that Allah's Messenger (ﷺ) went out to the circle of his Companions and said: What makes you sit? They said: We are sitting here in order to remember Allah and to praise Him for He guided us to the path of Islam and He conferred favours upon us. Thereupon he adjured by Allah and asked if that only was the purpose of their sitting there. They said: By Allah, we are not sitting here but for this very purpose, whereupon he (the Messenger) said: I am not asking you to take an oath because of any allegation against you but for the fact that Gabriel came to me and he informed me that Allah, the Exalted and Glorious, was talking to the angels about your magnificence.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পারলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু সাইদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=18934>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন